



তাকুওয়া ফেব্রিক্স লিমিটেড এবং লান্তাবুর এ্যাপারেলস লিমিটেড

কেওয়া, বহরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর, ঢাকা।

বৈষম্যহীন নীতিমালা ও বৈষম্য নিরোধ পদ্ধতি (Anti-Discrimination Policy & Remediation Procedure)

ডকুমেন্ট নং (Document No)	ইস্যু তারিখ (Issue Date)	রিভিশন নং (Revision No)	রিভিশন ও কার্যকরের তারিখ (Revision & Effective Date)	অনুমোদনকারী (Approved By)
লান্তাবুর/এইচআর/নীপ/১৪	০৩.০২.২০১২	০১	০১.০১.২০২০	ব্যবস্থাপনা পরিচালক, লান্তাবুর গ্রুপ

ভূমিকা (Introduction):

বাংলাদেশের গার্মেন্টস শিল্প একটি রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান। বিশ্ব বাজারে এর পরিচিতি ব্যাপক। মানবাধিকার প্রতিষ্ঠার এ যুগে তাই গুরুত্বপূর্ণ এ শিল্প কারখানায় যাতে মানবাধিকারের কোন লংঘন না হয় সেদিকে কারখানা কর্তৃপক্ষ সর্বদা সচেতন। মানবাধিকার প্রতিষ্ঠায় বাংলাদেশের গার্মেন্টস শিল্পের সাথে তাই কাঁধে কাঁধ মিলিয়ে নারী-পুরুষ নির্বিশেষে সকলের জন্য সমতার ভিত্তিতে কাজের ও মজুরীর ব্যবস্থা করার লক্ষ্যে একটি পূর্ণাঙ্গ বৈষম্যহীন নীতিমালা প্রণয়ন ও এর বাস্তবায়নে কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ। উক্ত নীতিমালা বাস্তবায়নে কারখানা কর্তৃপক্ষ সন্মত যে সকল স্থানে বৈষম্য হতে পারে বা হবার সম্ভাবনা থাকে তাহার ঝুঁকি নিরূপন এবং উক্ত ঝুঁকি নিরসনে কর্যকর ব্যবস্থা গ্রহন করে থাকে।

উদ্দেশ্য (Objectives) : Lantabur Group এর সকল শিল্প কারখানায় একটি বৈষম্যহীন বাস্তব সম্মত “বৈষম্যহীনতার নীতিমালা” প্রণয়নের উদ্দেশ্য - এই লক্ষ্যকে সামনে রেখে নিম্নবর্ণিত বিষয়গুলির আলোকে বৈষম্যহীনতা সংক্রান্ত নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহন করা হলঃ

- Lantabur Group এর প্রতিটি শিল্প কারখানায় জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলকে সমতার ভিত্তিতে নিয়োগ দান।
- Lantabur Group এর সকল শিল্প কারখানায় কালো / সুন্দর, যুবক / বৃদ্ধ, নারী / পুরুষ, আত্মীয় / অনাত্মীয় ভেদাভেদ না করে যোগ্যতার ভিত্তিতে নিয়োগ করা।
- Lantabur Group এর সকল শিল্প কারখানায় লিঙ্গ ভেদে শ্রমিকের যোগ্যতার ভিত্তিতে মজুরী দানের ব্যবস্থা করা।
- মহিলা শ্রমিক নিয়োগের সময় মাতৃত্বকালীন বিষয়ক প্রশ্ন না করা, মাতৃত্বকালীন অবস্থায় নিয়োগের ক্ষেত্রে বিধি নিষেধ আরোপ না করা।
- সকল শ্রমিককে তাদের নিজ নিজ বর্ণ বিশ্বাস অনুসারে ধর্ম পালনে বাধা না দেয়া।
- রাজনৈতিক বিশ্বাস বা সামাজিক অবস্থানের কারণে বৈষম্য না করা।
- ব্যক্তিগত সম্পর্ককে যোগ্যতা হিসাবে বিবেচনা না করা।

পরিধি (Scope) : লান্তাবুর গ্রুপ এর তাকুওয়া ফেব্রিক্স লিঃ এবং লান্তাবুর এ্যাপারেলস লিঃ এর সকল বিভাগ এবং সেকশনের সকল শ্রমিক এবং কর্মচারীবৃন্দ।

বিবরণ (Description):

বাংলাদেশের সংবিধানে ধর্ম-বর্ণ, নারী-পুরুষ নির্বিশেষে সকলের জন্য সমান অধিকার নিশ্চিত করা হয়েছে। একই ভাবে আন্তর্জাতিক শ্রম সংস্থার কনভেনশনেও এই নীতিমালাকে সম্মত রাখা হয়েছে। এ অঙ্গীকার ও নীতিমালা মোতাবেক Lantabur Group তাই “বৈষম্যহীনতার নীতিমালা” প্রণয়ন ও উহা সঠিক ভাবে অনুসরণ করেঃ

Lantabur Group এর প্রতিটি শিল্প কারখানার জাতি, ধর্ম, বর্ণ, নারী-পুরুষ নির্বিশেষে সকলকে সমতার ভিত্তিতে নিয়োগ দানঃ Lantabur Group তার আওতাধীন সকল শিল্প কারখানায় সমতার ভিত্তিতে শ্রমিক নিয়োগ করে থাকে। এখানে কোনরূপ বৈষম্যই স্থান পায় না। বৈষম্যহীন সমাজ ব্যবস্থা গড়ে তোলার জন্য Lantabur Group ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সার্বক্ষণিক তার জোর প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এ ব্যাপারে দেশের প্রচলিত আইন এবং আন্তর্জাতিক শ্রম সংস্থার কনভেনশন পরিপালনে Lantabur Group কর্তৃপক্ষ অঙ্গীকারাবদ্ধ।

Lantabur Group এর সকল শিল্প কারখানায় কালো / সুন্দর, যুবক / বৃদ্ধ, নারী / পুরুষ ভেদাভেদ না করে যোগ্যতার ভিত্তিতে নিয়োগ করাঃ Lantabur Group তার আওতাধীন শিল্প কারখানায় শ্রমিককে নিয়োগ করে তার যোগ্যতার ভিত্তিতে। শ্রমিকটি নারী বা পুরুষ এ বিষয়টি কখনও বিবেচনায় আনা হয় না। অথবা শ্রমিক কালো বা সুন্দর, যুবক বা বৃদ্ধ এর কোনটিই বিবেচনা করা হয় না। যোগ্যতাই শ্রমিকের একমাত্র পরিচয়।

Commitment : আমাদের অঙ্গীকার হল শ্রেণী বৈষম্যহীন যোগ্যতা সম্পন্ন কর্মীবাহিনী গঠন ও তাদের সাহায্যে একটি সুন্দরতম পরিবেশের সৃষ্টি ও মান সম্পন্ন পোষাক তৈরী যা বহিঃবিশ্বে দেশের জন্য সুনাম ও অর্থ দুইই বয়ে আনবে।



তাকুওয়া ফেব্রিক্স লিমিটেড এবং লান্তাবুর এ্যাপারেলস লিমিটেড

কেওয়া, বহরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর, ঢাকা।

Lantabur Group এর সকল শিল্প কারখানায় লিঙ্গ ভেদে শ্রমিকের যোগ্যতার ভিত্তিতে মজুরী দানের ব্যবস্থা করাঃ নারী শ্রমিক দুর্বল, পুরুষ শ্রমিক সবল এরূপ কোন ধারণায় Lantabur Group বিশ্বাস করে না। শ্রমিকের পরিচয় সে মানুষ এবং তার কাজের মাধ্যমে সে একজন দক্ষ শ্রমিক। শ্রমিকের এ দক্ষতার মাধ্যমেই তার যোগ্যতা। আর যোগ্যতাই এখানে বিবেচনার একমাত্র মাপকাঠি।

Commitment : “বিশ্বে যা কিছু চিরকল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর” এ বাণীকে Lantabur Group এর সকল শিল্প কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মনে প্রাণে বিশ্বাস করে এবং এ ব্যাপারে বৈষম্যহীন ব্যবস্থা গড়ে তুলতে দৃঢ় প্রতিজ্ঞ।

মহিলা শ্রমিক নিয়োগের সময় মাতৃত্বকালীন বিষয়ক প্রশ্ন না করা এবং মাতৃত্বকালীন অবস্থায় নিয়োগের ক্ষেত্রে বিধি নিষেধ আরোপ না করাঃ নারীকে তার যোগ্য মর্যাদা প্রদান এবং প্রাকৃতিক নিয়মে নারীর মা হওয়াকে অত্র Lantabur Group স্বাভাবিকই মনে করে। তাই নিয়োগের ক্ষেত্রে নারীর মা হওয়া বা মাতৃত্বকালীন অবস্থা বিষয়ে কোনরূপ প্রশ্ন করা অবাস্তব মনে করে। মাতৃত্ব অবস্থায় তাই কোন শ্রমিকই নিয়োগের ক্ষেত্রে বৈষম্যের শিকার হয় না। নিয়োগের সময় কোন মহিলা শ্রমিককে প্রেগনেন্সি টেস্ট করা হয় না। মাতৃত্বকালীন ছুটি শেষে একই পজিশন, বেতন, গ্রেড, পদবী ও একই সুযোগ সুবিধায় কাজে যোগদান করা হয়।

Commitment : নারীকে তার প্রাপ্য অধিকার প্রদানে Lantabur Group দৃঢ় ভাবে অঙ্গীকারবদ্ধ। Lantabur Group একটি অনন্যসাধারণ শিল্প পরিবার, যেখানে বর্ণ-বৈষম্যকে জঘন্য অপরাধ হিসাবে বিবেচনা করা হয়।

সকল শ্রমিককে তাদের নিজ নিজ ধর্ম বিশ্বাস অনুসারে ধর্ম পালনে বাধা না দেয়াঃ ধর্ম প্রতিটি মানুষের একান্ত নিজস্ব অনুভূতি বা বিশ্বাসের ব্যাপার। এখানে জোর খাটানোর কোন অবকাশ নাই। প্রতিটি শ্রমিকই তার নিজ নিজ ধর্ম বিশ্বাস অনুসারে ধর্ম কর্ম পালন করবে। এতে বাধা দেওয়ার বা অনুরূপ কিছু করা আইনের চোখেও দন্ডনীয় অপরাধ।

Commitment : Lantabur Group তার সকল শ্রমিককে তাদের নিজ নিজ ধর্ম বিশ্বাস অনুসারে নিজ ধর্ম পালনে উৎসাহিত করে। প্রতিটি ধর্ম বিশ্বাসের শ্রমিকদের তাই তার ধর্ম পালনের সুবিধার জন্য ছুটিসহ সব রকম সহযোগিতা করে। এটা আমাদের অঙ্গীকার।

রাজনৈতিক বিশ্বাস বা সামাজিক অবস্থানের কারণে বৈষম্য না করাঃ ধনী-দরিদ্র, বড়-ছোট এ ধরণের কোন বৈষম্যমূলক নীতিমালা Lantabur Group অনুসরণ করে না। রাজনৈতিক বিশ্বাস বা ব্যক্তির সামাজিক অবস্থানের বিষয়টি কখনই বিবেচ্য বিষয় হয় না। এখানে সকলকে সমতার ভিত্তিতে নিয়োগ, পদোন্নতি বা অন্যান্য সব ব্যবস্থা করা হয়।

Commitment : শ্রেণী বৈষম্যহীন শ্রম পরিবেশ গড়ে তোলা আমাদের অঙ্গীকার।

ব্যক্তিগত সম্পর্কে যোগ্যতা হিসাবে বিবেচনা না করাঃ শ্রমিককে তার যোগ্যতা অনুসারে নিয়োগ, বদলী, পদোন্নতিসহ সব রকম সুযোগ সুবিধা দেয়া হয়। এ ক্ষেত্রে ব্যক্তিগত সম্পর্ক কখনই যোগ্যতা হিসাবে বিবেচিত হয়না। বরং এটা দন্ডনীয় হিসাবে নিন্দনীয়।

Commitment : যোগ্যতা, সময়ানুবর্তিতা, নিষ্ঠা এবং একাত্মতাই Lantabur Group এর বিবেচ্য বিষয়। বাহিরের ব্যক্তিগত সম্পর্কটি বিবেচনার বাহিরেই থাকে। কেননা বৈষম্যহীন শ্রম পরিবেশ গড়ে তোলাই Lantabur Group এর অঙ্গীকার।

বৈষম্য এর ধরণ এবং উৎস (Sources & Types of Discrimination).

কর্মী নিয়োগ সংক্রান্ত ঃ কর্মী নিয়োগকালীন নিম্নোক্তভাবে বৈষম্য হতে পারে।

- ❖ অঞ্চল / এলাকা / গোত্র ভিত্তিক বৈষম্য
- ❖ রাজনৈতিক বিশ্বাস কেন্দ্রিক বৈষম্য
- ❖ বর্ণ ভিত্তিক বৈষম্য
- ❖ লিঙ্গভিত্তিক বৈষম্য
- ❖ ধর্মীয় বিশ্বাস কেন্দ্রিক বৈষম্য
- ❖ বয়স ভিত্তিক বৈষম্য

বেতন ও মজুরী, বেতন বৃদ্ধি এবং পদোন্নতি সংক্রান্ত বৈষম্য।

ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধা সম্পর্কিত বিষয়ে বৈষম্য।

কাজের সময়, ধরণ এবং কাজের শর্তাবলী সংক্রান্ত বৈষম্য।

কর্মী নিয়োগ সংক্রান্ত বৈষম্যঃ

কারখানায় কর্মী নিয়োগ সংক্রান্ত ব্যাপারে বৈষম্য হবার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে। কর্মী নিয়োগকালীন সময়ে এলাকা বা অঞ্চলগত দিক, লিঙ্গ, বয়স, ধর্মীয় বিশ্বাস, গোত্র, সামাজিক শ্রেণী ইত্যাদি ব্যাপারে বৈষম্য হতে পারে।

প্রতিকারমূলক ব্যবস্থাঃ

কারখানায় কর্মী নিয়োগের জন্য নিয়োগ কমিটি বিদ্যমান আছে। উক্ত নিয়োগকমিটি নিয়মিত সভা করে থাকে এছাড়া নিয়োগের সাথে সংশ্লিষ্ট সকলকে নিয়মিত এ ব্যাপারে প্রশিক্ষণ প্রদান করা হয়। সকল নিয়োগ সরাসরি কারখানার মানবসম্পদ বিভাগ প্রধানের তত্ত্বাবধানে সম্পন্ন হয়।

প্রতিরোধমূলক ব্যবস্থাঃ

কারখানায় শ্রমিকদের নিয়োগকালীন সকল সময়ের জন্য দায়িত্বপ্রাপ্ত মানবসম্পদ এর একজন উপস্থিত থাকেন এবং স্টাফদের নিয়োগকালীন সময়ে ইন্টারভিউ বোর্ড এ একজন মানবসম্পদ বিভাগের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধি থাকেন এবং তিনি ইন্টারভিউ এর সার্বিক বিষয় ও কাগজপত্র তদারকি করার পাশাপাশি ফাইনাল অনুমোদনসূচক স্বাক্ষর করেন যাহাতে কর্মী নিয়োগে কোন ধরনের বৈষম্যমূলক কর্মকাণ্ডের বিষয় না থাকে।



তাকুওয়া ফেব্রিক্স লিমিটেড এবং লান্তাবুর এ্যাপারেলস লিমিটেড

কেওয়া, বহরারচালা, গিলাবেড়াইদ, শ্রীপুর, গাজীপুর, ঢাকা।

বেতন ও মজুরী, বেতন বৃদ্ধি এবং পদোন্নতি সংক্রান্ত বৈষম্য :

কারখানায় কর্মীদের বেতন, মজুরী নিদ্রান, মজুরী বৃদ্ধি, পদোন্নতি ইত্যাদি বিষয়ে বৈষম্য হবার সম্ভাবনা থাকে। পরিচিত, এলাকা বিবেচনা ইত্যাদি বিষয়ে বেতন ও মজুরী, বেতন বৃদ্ধি এবং পদোন্নতি সংক্রান্ত বৈষম্য হতে পারে।

প্রতিকারমূলক ব্যবস্থা :

কারখানায় শ্রমিক কর্মচারীদের বেতন স্টাকচার উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা আছে এবং সরাসরি কারখানার সংশ্লিষ্ট মানবসম্পদ বিভাগ প্রধানের তত্ত্বাবধানে সম্পন্ন হয় বেতন নিদ্রান প্রক্রিয়াটি সম্পন্ন হয়। কারখানায় কর্মীদের বেতন বৃদ্ধি এবং পদোন্নতি কারখানার বিদ্যমান নিতিমালা অনুযায়ী করা হয়। সকল বেতন বৃদ্ধি পদোন্নতি ইত্যাদি বিষয়ে কারখানার মানবসম্পদ বিভাগের প্রধানের অনুমোদন এর প্রয়োজন হয়।

প্রতিরোধমূলক ব্যবস্থা :

কারখানায় শ্রমিক কর্মচারীদের বেতন বৃদ্ধি ও পদোন্নতির ব্যাপারে সংশ্লিষ্ট সেকশন প্রধানের সুপারিশ কারখানার অভ্যন্তরীণ অডিট টিম বিশ্লেষণ ও সুপারিশ করে থাকে। এছাড়া বেতন বৃদ্ধি ও পদোন্নতির ব্যাপারে কারখানার শ্রমিক কর্মচারীদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়।

ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধা সম্পর্কিত বিষয়ে বৈষম্য।

কারখানায় কর্মীদের ছুটি ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদানে বৈষম্য হবার সম্ভাবনা থাকে। কাউকে ছুটি প্রদানে অগ্রাধিকার, কাউকে ছুটি প্রদান না করা। যুক্তিসংগত কারণে কেহ অনুপস্থিত থাকলে বৈষম্য করে তাহাকে শাস্তির আওতায় নিয়ে আসা ইত্যাদি। টয়লেট ব্যবহার, পানি পান করা থেকে বিরত রাখা, বিশ্রাম ইত্যাদি ব্যাপারে বৈষম্য হতে পারে।

প্রতিকারমূলক ব্যবস্থা :

কারখানায় শ্রমিক কর্মচারীদের ছুটি নেবার পদ্ধতির ব্যাপারে উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক একটি নীতিমালা অনুমোদন করা আছে এবং সরাসরি কারখানার সংশ্লিষ্ট মানবসম্পদ বিভাগ প্রধানের তত্ত্বাবধানে সকল ছুটি প্রক্রিয়া সম্পন্ন হয়। কেহ যুক্তিসংগত কারণে অনুপস্থিত থাকলে কারখানার দায়িত্বপ্রাপ্ত কল্যাণ কর্মকর্তার সুপারিশক্রমে ছুটি অনুমোদিত হয়। এক্ষেত্রে প্রডাকশন ম্যানেজমেন্ট এর কোন এখতিয়ার থাকে না এবং অসুস্থতা ছুটির ক্ষেত্রে সরাসরি মেডিকেল অফিসার এর সুপারিশ এ ছুটির চূড়ান্ত অনুমোদন হয়। কারখানার অন্যান্য সুযোগ সুবিধার ব্যাপারগুলো যেন কোন প্রকারের বৈষম্য না হয় সে ক্ষেত্রে কারখানার কমপ্লায়েন্স এবং ওয়েলফেয়ার বিভাগ সরাসরি তদারকি করে থাকে।

প্রতিরোধমূলক ব্যবস্থা :

কারখানায় সকল শ্রমিক-কর্মচারীদের ছুটি নেবার পদ্ধতি এবং অন্যান্য সুযোগ সুবিধা সংক্রান্ত সকল ব্যাপারে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয় এবং শ্রমিক - কর্মচারীদের সম্ভাব্য বৈষম্য এর ব্যাপারে সচেতন করা হয়।

কাজের সময়, ধরণ এবং কাজের শর্তাবলী সংক্রান্ত বৈষম্য।

কারখানায় কর্মীদের কাজের সময় কম-বেশি, ক্রিটিক্যাল অপারেশন এ কাজ, দীর্ঘসময় দাড়িয়ে কাজ করা, কাজ না পারলে, টার্গেট পূরণ না করলে কিংবা কাজে ভুল করলে অযৌক্তিক শাস্তির আওতায় নিয়ে আসা ইত্যাদি ব্যাপারে বৈষম্য হতে পারে।

প্রতিকারমূলক ব্যবস্থা :

কারখানায় শ্রমিক কর্মচারীদের কাজ তাদের যোগ্যতার ভিত্তিতে নিয়োজিত করা হয় এবং তাদের টার্গেট দায়িত্বপ্রাপ্ত আইই এর মাধ্যমে নিদ্রান করা হয়। যদি কোন শ্রমিক কাজে ভুল করে, কাজের টার্গেট ভালভাবে দিতে না পারে তাহাকে প্রশিক্ষণ এর মাধ্যমে যোগ্যতা বাড়ানোর চেষ্টা করা হয় এবং কোন উন্নয়ন না হলে তাহাকে অন্য কাজে নিয়োগ করা হয়।

প্রতিরোধমূলক ব্যবস্থা :

কারখানায় শ্রমিক কর্মচারীদের কাজ তাদের যোগ্যতার ভিত্তিতে নিয়োজিত করার জন্য মানবসম্পদ এবং আইই বিভাগের সমন্বয়ে নিদ্রান করা হয়। কাজ সংক্রান্ত ব্যাপারে শ্রমিকদের নিয়োজিত প্রশিক্ষণ প্রদান করা হয়। কারখানার মধ্যম সারির ব্যবস্থাপনার কাজে নিয়োজিত সকলকে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়। কারও বিরুদ্ধে কোন ধরনের অভিযোগ থাকলে কোন ফ্লোর স্টাফ কোন ধরনের সিদ্ধান্ত নিতে পারে না এ ব্যাপারে কারখানার অভিযোগ নিষ্পত্তিকারী টিম কাজ করে যাহাতে কারও বিরুদ্ধে কোর বৈষম্য না হয়।

উপসংহারঃ বৈষম্য একটি সামাজিক ব্যাধি। এ ব্যাধিকে আমাদের সমাজ থেকে সমূলে তুলে ফেলতে হবে। তাই বৈষম্যহীন শ্রম পরিবেশ গঠনে Lantabur Group তার নিরন্তর প্রচেষ্টা সর্বক্ষণ বহমান রাখতে অঙ্গীকারাবদ্ধ।

প্রস্তুতকারী (Prepared By)	অনুমোদনকারী (Approved By)	অনুমোদনকারীর স্বাক্ষর (Approval Signature)	গ্রুপ সীল (Group Seal)
এইচআর এন্ড কমপ্লায়েন্স বিভাগ	ব্যবস্থাপনা পরিচালক লান্তাবুর গ্রুপ		